

আউট সোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি


এতদ্বারা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা কর্তৃক নিম্ন বর্ণিত পদসমূহে আউট সোর্সিং পদ্ধতিতে সেবা গ্রহণের নিমিত্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে জনবল নিয়োগের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে সিলমোহরকৃত খামে নির্ধারিত সিডিউলে দর আহবান করা যাচ্ছে।

১	বিভাগ	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।		
২	কাজের বিবরণ	আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ।		
	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
	ক. গাড়াচালক	১(এক) টি	১৮ হতে ৩০ বছর	এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
	খ. লিফটম্যান	২(দুই) টি	১৮ হতে ৩০ বছর	এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। লিফট চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
	গ. অফিস সহায়ক	৪(চার) টি	১৮ হতে অনধিক ৬০ বছর	এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
	ঘ. মালী	১(এক) টি	১৮ হতে অনধিক ৬০ বছর	৮ম শ্রেণী পাস ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
	ঙ. নিরাপত্তা প্রহরী	১(এক) টি	১৮ হতে অনধিক ৬০ বছর	
চ. পরিচ্ছন্নতা কর্মী	১(এক) টি	১৮ হতে অনধিক ৬০ বছর		
৩	দরপত্র নম্বর ও তারিখ	৮০.০০.০০০০.৪০৩.০০.০০৪.১৭-৯১, তারিখঃ ০২/০৪/২০১৭ খ্রি.।		
৪	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র।		
৫	বাজেট ও তহবিলের উৎস	অনুন্নয়ন বাজেট।		
৬	দরপত্র সিডিউল ও আবেদনপত্র বিক্রির শেষ তারিখ ও সময়	২৩/০৪/২০১৭ তারিখ বেলা ৪.৩০ ঘটিকা পর্যন্ত।		
৭	দরপত্র ও আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	২৪/০৪/২০১৭ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত।		
৮	দরপত্র ও আবেদনপত্র খোলার তারিখ ও সময়	২৪/০৪/২০১৭ তারিখ দুপুর ৩.০০ টা।		
৯	দরপত্র সিডিউল ও আবেদনপত্র প্রাপ্তি, গ্রহণ ও উন্মুক্ত করণের স্থান	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা।		
১০	দরপত্র দাখিলের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, সেক্টনবাগিচা, ঢাকা (খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা।		
১১	দরদাতাকে সিডিউলের সাথে বর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে	(ক) “স্বীকৃত প্রতিষ্ঠান” এর প্রমানপত্র (সরকার বা সরকার কর্তৃক প্রদত্ত ক্ষমতাসম্পন্ন কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি)। (খ) হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি। (গ) ভ্যাট রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি। (চ) আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (কার্যাদেশ ও নোটিফিকেশন এ্যাওয়ার্ড গ্রহণযোগ্য নয়)।		
১২	লট নং	কাজের বিবরণ	দরপত্র জামানত	দরপত্র সিডিউলের মূল্য (নন-রিফান্ডেবল)
	১.	আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ।	৩০,০০০/- (ত্রিশ হাজার)	৫০০/- (পাঁচশত) টাকা
১৩	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা	মোঃ আব্দুর রহিম, উপপরিচালক(প্রশাসন-৩)। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।		
১৪	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক টেলিফোন নম্বর	৫৫০০৬৬৩৯		

১৪। অন্যান্য শর্তাবলীঃ

- পিপিআর-২০০৮ এর সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- দরপত্র বাছাইয়ের পর যে প্রতিষ্ঠানের দরপত্র গৃহীত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রার্থীদের ইন্টারভিউ এর জন্য ডাকা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পন্ন করতে হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ (০১) মাসের নোটিশে বাতিল করতে পারবে।
- অফিসের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে। প্রয়োজনে সরকারি ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা সরকারি ছুটির দিনে জনবল নিয়োজিত রাখতে অপারগ হবে তাদের প্রস্তাবিত দরপত্র দাখিল করার প্রয়োজন নেই, পরবর্তীতে অপারগতা প্রকাশ করলে জনবল সরবরাহের চুক্তি বাতিল করা হবে।
- সরবরাহকৃত জনবলকে অফিসের প্রয়োজনে ঢাকার বাহিরে যে কোন স্থানে গমন/দায়িত্ব পালনে ইচ্ছুক হতে হবে।

- (ছ) নিয়োজিত কর্মচারীগণ কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবে।
- (জ) নিয়োজিত কর্মচারীর বেতন নির্ধারিত সাকুল্য বেতনের কম হবে না, তবে সরবরাহকারীর কমিশন, ভ্যাট, ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে উল্লেখ করতে হবে)। সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।
- (ঝ) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে পারফরমেন্স সিকিউরিটি হিসেবে জনপ্রতি ০১(এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তার জামানত পে-অর্ডার এর মাধ্যমে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় বরাবর জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।
- (ঞ) আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা, অবহেলার কারণে অফিসের গাড়ীসহ কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।
- (ট) আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা ও নির্দেশিকা প্রভৃতি অনুসরণযোগ্য হবে।
- (ঠ) পদের সংখ্যা কম/বেশি হতে পারে এবং কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আব্দুর রহিম)
উপপরিচালক(প্রশাসন-৩)।

o/c